FEB. 21 200[illegible]

দৈনিক জনকণ্ঠ

পৃঃ ২৬ কলাম ৪

# একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করুন ॥ বিশ্ববাসীর প্রতি ইউনেস্কো

**প্যারিস, ২০ ফেব্রুয়ারি, বাসস ॥** ইউনেস্কো বিশ্বের সক দেশের প্রতি একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভা দিবস হিসাবে পালনের আবেদন জানিয়ে বলেছে, আম আমাদের মায়ের কাছ থেকে যে ভাষা শিখি সেটাই হে আমাদের অন্তরের অন্তঃস্থলের ভাবনা। ইউনেস্কো গত বছ

...এর কঃ দেখুন

## একুশে ফেব্রুয়ারি (১৬-এর পাতার পর)

২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিস ঘোষণা করে। ১৯৫২ সালে মায়ের ভাষায় কথা ব অধিকার প্রতিষ্ঠা করতে গিয়ে বাঙালীর সর্বোচ্চ আত্মত্যা স্বীকৃতি হিসাবে ইউনেস্কো একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতি মাতৃভাষা দিবস হিসাবে ঘোষণা করে।

ইউনেস্কো মহাপরিচালক একুশে ফেব্রুয়ারির প্রাক্কালে এ বাণীতে বলেন, মানব জাতির নানাবিধ ভাষার বহির্প্রকাশ সম্মান করার এখনই সময়। প্রতিটি ভাষাতেই কল্প আবেগ, প্রতীক, শব্দের জটিল অলঙ্করণ রয়েছে।

তিনি বলেন, বিশ্বব্যাপী ৬ হাজার ৭শ'টি ভাষায় কথা ব হয়ে থাকে।